**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ ভ্যাট বিভাগ ]**

সাধারণ আদেশ নং-৩/মূসক/২০২৫, তারিখ: ১৯ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/২ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ।

**বিষয়ঃ জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৪/মূসক/২০২০, তারিখ: ০১ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে জারীকৃত ফেরত (রিফান্ড) প্রদানের পদ্ধতি সংক্রান্ত আদেশের সংশোধন।**

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৭২ এর উপ-ধারা (২) এ উল্লেখ করা হয়েছে, "যদি কোনো অনিবন্ধিত ব্যক্তি কর্তৃক ভুলবশত কোন কর পরিশোধ করা হয়, তাহা হইলে যে কমিশনারেটের অর্থনৈতিক কোডে উক্ত কর জমা প্রদান করা হইয়াছে উক্ত কমিশনারেট নির্ধারিত পদ্ধতিতে উক্ত কর ফেরত প্রদান করিতে পারিবে"। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর আওতায় অনিবন্ধিত ব্যক্তির ক্ষেত্রে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ফেরত (রিফান্ড) প্রদানের ক্ষেত্রে কোন সুস্পষ্ট নির্দেশনা না থাকায় মাঠ পর্যায়ে জটিলতা পরিলক্ষিত হচ্ছে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড অবহিত হয়েছে। উক্ত জটিলতা নিরসনের লক্ষ্যে, আইন ও বিধিমালায় ফেরত প্রদানের বিধি-বিধান উল্লেখ থাকা সত্ত্বেও বিষয়টি মাঠ পর্যায়ের কর্মকর্তা এবং করদাতাগণের জন্য অধিকতর প্রয়োগযোগ্য ও সহজ করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে ০১ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত সাধারণ আদেশ নং-০৪/মূসক/২০২০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের-

(১) অনুচ্ছেদ (৩) এর উপ-অনুচ্ছেদ (গ) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(গ) কূটনৈতিক, অন্যান্য আন্তর্জাতিক সংস্থা, বৈদেশিক পর্যটক ও অনিবন্ধিত ব্যক্তি ব্যতীত অন্যান্য ক্ষেত্রে ফরম **"মূসক-৯.১"** এ দাখিলপত্র প্রদান ব্যতীত কোন ফেরত মঞ্জুর করা যাবে না। কূটনৈতিক এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি ফরম **"মূসক-১০.১"**, বৈদেশিক পর্যটকগণ ফরম **"মূসক-১০.২"** এবং অনিবন্ধিত ব্যক্তি কর্তৃক এ আদেশে উল্লিখিত **"পরিশিষ্ট"** এ মূসক চালানপত্র বা পণ্য ঘোষণা সংযুক্ত করে ফেরতের জন্য আবেদন করতে পারবেন।" এবং

(২) অনুচ্ছেদ (৪) এর উপ-অনুচ্ছেদ (৯) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (১০) সন্নিবেশিত হইবে, যথা:-

“(১০) কোন অনিবন্ধিত ব্যক্তি কর্তৃক পরিশোধিত মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) নিম্নোক্ত পদ্ধতিতে ফেরত প্রদান করা যাবে, যথা:-

(ক) যদি কোন অনিবন্ধিত ব্যক্তি কর্তৃক ভুলবশত কোন মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) পরিশোধ করা হয়, সেক্ষেত্রে যে কমিশনারেটের অর্থনৈতিক কোডে উক্ত মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) পরিশোধ করা হয়েছে সে কমিশনারেটের কমিশনার বরাবরে জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৪/মূসক/২০২০, তারিখ: ০১ মার্চ, ২০২০ খ্রিঃ এ উল্লিখিত বিধানাবলি পরিপালন সাপেক্ষে এ আদেশে উল্লিখিত **“পরিশিষ্ট”** মোতাবেক আবেদন দাখিল করতে হবে;

(খ) কমিশনার উক্ত আবেদন যাচাই বাছাইপূর্বক ফেরত প্রদানের যথার্থতার বিষয়ে মতামত প্রদানের জন্য বিভাগীয় কর্মকর্তার নিকট উক্ত আবেদন অগ্রায়ণ করবেন। বিভাগীয় কর্মকর্তা উক্ত আবেদন প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে আবেদন যাচাই-বাছাইপূর্বক প্রতিবেদন কমিশনারের দপ্তরে প্রেরণ করবেন; এবং

(গ) কমিশনার বিভাগীয় কর্মকর্তার প্রতিবেদন যাচাই করে যথাযথ প্রাপ্তি সাপেক্ষে আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদনকারীর অনুকূলে ফেরত প্রদানের বিষয়টি মঞ্জুর করত: একটি ক্রসড চেক ইস্যু করবেন অথবা আবেদনকারীর ব্যাংক হিসাবে মঞ্জুরকৃত অর্থ স্থানান্তরের আদেশ প্রদান করবেন।”।

**'পরিশিষ্ট'**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

**আইনের ধারা ৭২ এর উপ-ধারা (২) এর অধীন অনিবন্ধিত ব্যক্তি কর্তৃক ফেরত প্রাপ্তির আবেদন**

| **অংশ-১: আবেদনকারীর পরিচিতি** | | |
|---|---|---|
| (১) আবেদনকারীর নাম | : | |
| (২) ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা (যদি থাকে) | : | |
| (৩) আবেদনকারীর ঠিকানা | : | |
| (৪) আবেদনকারীর/ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির পদবি | : | |
| (৫) আবেদনকারীর/ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির পরিচিতি নম্বর | : | |

| **অংশ-২: ফেরত দাবি**<br>**[ অনুগ্রহ করে এ অংশ পূরণের পূর্বে অংশ-৩ পূরণ করুন ]** | | |
|---|---|---|
| (১) প্রকৃত পরিশোধিত মূসক ও সম্পূরক শুল্ক (অংশ-৩ এর মোট যোগফল) | : | টাকা . |
| (২) সংযুক্তি (প্রযোজ্যগুলোতে টিক চিহ্ন দিন) | : | কপি সংখ্যা<br>(ক) মূসক চালানপত্র<br>(খ) পণ্য ঘোষণা<br>(গ) ক্ষমতা অর্পণপত্র<br>(ঘ) পরিচয়পত্র |

**অংশ-৩: ফেরত দাবির বিবরণ**

| ক্রমিক | মূসক চালানপত্র / পণ্য ঘোষণা নম্বর | তারিখ | সরবরাহকারী | সরবরাহকারীর বিআইএন | সরবরাহের বিবরণ | সরবরাহের মূল্য (টাকা) | পরিশোধিত মূসক ও সম্পূরক শুল্ক (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | | |
| ২ | | | | | | | |
| ৩ | | | | | | | |
| ৪ | | | | | | | |
| ৫ | | | | | | | |
| | | | | | | মোট (এই তথ্য অংশ-২ এর ক্রমিক ১ এ নিন) | |
| কথায়: | | | | | | | |

| **অংশ-৪: ঘোষণা** | | |
|---|---|---|
| আমি ঘোষণা করিতেছি যে, এই আবেদনপত্রে প্রদত্ত তথ্য সর্বোতভাবে সম্পূর্ণ, সত্য ও নির্ভুল। | | |
| নাম | | |
| পদবি | | |
| তারিখ | | |
| মোবাইল নম্বর | | |
| ইমেইল | | |
| | | স্বাক্ষর |

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**( মোহা: মসিউর রহমান )**

প্রথম সচিব (মূসক-নীতি)